FAQ for ITI Admission 2020

১। সরকারি ITI তে ভর্তির website কি?

উঃ- www.wbscvt.org

২। ২০২০ সালের ITI তে ভর্তির প্রক্রিয়া কি শুধুমাত্র online –এ হবে?

উঃ- হ্যাঁ।

৩। এ বছর মাধ্যমিক পরীক্ষা দিয়েছি। এখনও রেজাল্ট বের হয়নি। তাহলে কিভাবে ফর্ম filled up করব?

উঃ- যারা মাধ্যমিক পরীক্ষা দিয়েছ তাদের রেজাল্ট বের হওয়ার পর দিন থেকে ৭ (সাত) দিনের মধ্যে ফর্ম filled up করার জন্য সময় দেওয়া হবে।

৪।"M" ও "E" গ্রুপ ট্রেড কি?

উঃ- যে ট্রেড গুলিতে কেবল মাধ্যমিক পাশ ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে সেই ট্রেড গুলি হল "M" গ্রুপ ট্রেড। যেমনঃ- ইলেক্ট্রিশিয়ান, ফিটার, মেকানিক মোটর ভেইকেল ইত্যাদি।

যে ট্রেড গুলিতে কেবল ক্লাস এইট (VIII) পাশ ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে সেই ট্রেড গুলি হল "E" গ্রুপ ট্রেড। যেমনঃ- ওয়েল্ডার (Welder), ওয়্যারম্যান (Wireman), কারপেন্টার(Carpenter) ইত্যাদি।

৫। ইঞ্জিনিয়রিং ও নন-ইঞ্জিনিয়রিং ট্রেড কি?

উঃ- শিল্পক্ষেত্রে ব্যবহৃত যন্ত্রপাতির উপর ভিত্তি করে ট্রেড গুলোকে ইঞ্জিনিয়রিং ও নন-ইঞ্জিনিয়রিং এই দুই ভাগে ভাগ করা থাকে।

৬। কোনগ্রুপে কোন কোন ট্রেড আছে?

উঃ- কোনগ্রুপে কোন কোন ট্রেড আছে তা জানার জন্য ITI তে ভর্তির website টি দেখতে হবে।

৭। ITI তে পড়ার সঙ্গে সঙ্গে অন্য কোনো কোর্সে পড়তে পারব কি?

উঃ- না

৮। ITI তে Hostel-এর সুবিধা আছে কি না?

উঃ- বেশিরভাগ ITI তে Hostel-এর সুবিধা নেই।

৯। বাইরের রাজ্য থেকে মাধ্যমিক/অষ্টম শ্রেণী পাশ করলে এই রাজ্যের সরকারি ITI গুলিতে ভর্তি হতে পারব কিনা?

উঃ- না, এই রাজ্যের সরকারি ITI গুলিতে ভর্তি হতে পারবে না।

যদি বাইরের রাজ্যের বোর্ডের স্কুলটি পশ্চিমবঙ্গে অবস্থিত হয় তবে সেই স্কুল থেকে মাধ্যমিক/অষ্টম শ্রেণী পাশ করলে এই রাজ্যের সরকারি ITI গুলিতে ভর্তি হতে পারবে।

১০। গত বছর ITI তে ভর্তি হয়েছিলাম কিন্তু কোর্সেটি সম্পূর্ণ করতে পারিনি, এবছর আবার ITI তে ভর্তির জন্য আবেদন করতে পারব কি?

উঃ- না, যে সকল আবেদনকারীরা আগে কখনো কোন গ্রুপের যেকোন ট্রেডকোর্সে ভর্তি হয়েছিল কিন্তু যেকোনো কারণ বসত কোর্সটি সম্পূর্ণ করতে পারেনি অথবা ওই সরকারি আই. টি. আই. অথবা পিপিপি সরকারি আই.টি. আই. থেকে বিতাড়িত হয়েছিল তারা তাদের ওইকোর্সটি সম্পূর্ণ হওয়ার বছর থেকে পরবর্তী তিনবছর ওই সরকারি আই. টি. আই. অথবা পিপিপি সরকারি আই.টি. আই. তে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেনা এবং কোর্সটি সম্পূর্ণ হওয়ার বছর থেকে পরের একবছর অন্য কোনো সরকারি আই. টি. আই. এবং পিপিপি সরকারি আই.টি. আই. গুলিতে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

১১। গত বছর ITI পাশ করেছি, এই বছর কোন ITI তে ভর্তি হতে পারব কিনা?

উঃ- না। কোর্সটি পাস করার বছরটি বাদ দিয়ে পরের একবছর অন্য কোনো সরকারি/পিপিপি আই. টি. আই.গুলিতে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবেনা। আবার তিনবছর যে সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই. থেকে পাশ করেছ সেই সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই.-তে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।

১২। আই. টি. আই.-তে ভর্তির জন্য বয়স কত?

উঃ-ভর্তির ন্যূনতম বয়স ১৪ বছর।ভর্তির জন্য বয়সের কোন উর্ধ্বসীমা নেই।

১৩। কত শতাংশ নম্বর পেলে আই. টি. আই.-তে ভর্তির সুযোগ পাওয়া যায় ?

উঃ- নম্বরের কোন বাধ্যবাধকতা নেই।

১৪। Online- এ ফর্ম ফিলাপ করার সময় ভোকেশনাল ট্রেডে "Yes" করেছি। আমার ভোকেশনাল Annual Exam দেওয়া হয়েছে কিন্তু Certificate নেই। আমি কি ভোকেশনাল কোটাতে ভর্তির সুযোগ পাব কি?

উঃ- না, ফর্ম ফিলাপ করার আগে ভোকেশনাল Certificate থাকতে হবে।

১৫। Online- এ ফর্ম ফিলাপ করার সময় ভূল হয়েছে, এখন কি করব?

উঃ- এক্ষেত্রে নিকটবর্তী আই. টি. আই.-তে গিয়ে ঠিক করতে হবে। কেবলমাত্র একবারই correction করা যাবে।

১৬। "E" গ্রুপের জন্য এইট পাশ (Eight)Certificate কি বাধ্যতামূলক ? মাধ্যমিক Certificate দিলে হবে কি?

উঃ- "E" গ্রুপের জন্য কেবল এইট পাশ(Eight)Certificate এবং মার্কসিট লাগবে। মাধ্যমিক Certificate এবং মার্কসিট দিলে হবে না। এছাড়াও "Annexure S" সঠিকভাবে পূরণ করে সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষক অথবা টিচার ইন চার্জকে দিয়ে বৈধ করে জমা করতে হবে।

১৭। Online- এ ফর্ম ফিলাপ করেছি, আবার কি আই. টি. আই.-তে যেতে হবে?

উঃ- হ্যাঁ, ফর্ম পূরণের বৈধ্যতা যাচাইয়ের জন্য সমস্ত Original Documents নিয়ে যেকোনো সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই.-তে আসতে হবে।

১৮। ফর্ম পূরণের সময় টাকা নগদ বা ড্রাফটে জমা দেওয়া যাবে কি?

উঃ- না, টাকা শুধুমাত্র Online- এ জমা দিতে হবে।

১৯।আই. টি. আই. পড়তে গেলে আধার কার্ড থাকা বাধ্যতামূলক ?

উঃ- না

২০। Merit List বেরোলে SMS পাব কি?

উঃ- হ্যাঁ

২১। Online- এ টাকা payment করার পর কি করতে হবে?

উঃ- Online- এ টাকা payment করার পর Payment Status প্রিন্ট নিয়ে সমস্ত Original Documents নিয়ে যেকোনো সরকারি/পিপিপি সরকারি আই. টি. আই.-তে আসতে হবে, ফর্ম পূরণের বৈধ্যতা যাচাইয়ের জন্য।

২২। IMC কোটা কি?

উঃ- Institute Management Committee(IMC) আছে এমন সরকারী আই. টি. আই. তে সমগ্র আসনের ২০% (কুড়ি শতাংশ) আসন IMC মনোনীত প্রার্থীদের মাধ্যমে ভর্তি করা হবে। ইচ্ছুক প্রার্থীরা অনলাইন কাউন্সিলিং এর সময় নির্দিষ্ট ট্রেডে IMC কোটা মনোনয়ন করতে পারবে (মেধা তালিকা প্রকাশের পরে)।

IMC কোটার মাধ্যমে এক এবং দুই বছরের কোর্সে ভর্তি প্রার্থীদের ক্ষেত্রে প্রত্যেক বছরের জন্য ৫০০০/- টাকা (পাঁচ হাজার টাকা)করে tuition fee প্রযোজ্য হবে। যারা এই tuition fee দিতে পারবে তারা এই কোটার সুযোগ নিতে পারবে।

- বি: দ্রঃ পিপিপি সরকারি আই. টি. আইগুলিতে ২০% শতাংশ ম্যানেজমেন্ট কোটার আসন এই পদ্ধতিতে পূরণ করা হবেনা|

২৩। একইসঙ্গে “M” গ্রুপ ও “E” গ্রুপ ট্রেডে প্রার্থী আবেদন করতে পারবে কি?

উঃ- না, একজন প্রার্থী যেকোনো একটা গ্রুপে আবেদন করতে পারবে।

২৪। ইঞ্জিনিয়ারিং ট্রেডকোর্স গুলিতে ভর্তির জন্যে কি যোগ্যতা লাগবে?

উঃ- ইঞ্জিনিয়ারিং ট্রেডকোর্স গুলিতে ভর্তির জন্যে প্রার্থীর পাঠ্যক্রমের বিষয়গুলির মধ্যে ফিজিক্যালসাইন্স/ সাইন্স (Science) এবং অঙ্ক থাকতে হবে।

২৫। District Quota কি?

উঃ- District Quota বা জেলা ভিত্তিক সংরক্ষণের মাধ্যমে সমগ্র আসনের ৫০% (পঞ্চাশ শতাংশ) আসন আই. টি. আই. / আই. টি. সি. / জুনিয়র পলিটেকনিক গুলি যে জেলায় অবস্থিত সেই জেলার বিদ্যালয় থেকে পাশ করা প্রার্থীদের মাধ্যমে পূরণকরা হবে।